রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১১, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

## [ মূল্য সংযোজন কর ]

### প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১১৪-আইন/৯৮/১৭৫-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর-

(ক) দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (কক) সংযোজিত হইবে, যথাঃ-

"(কক) "ইউটিলাইজেশন পারমিশন ও ইউটিলাইজেশন ডিক্লারেশন" অর্থ সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানী) বিধিমালা, ১৯৯৩ এ বর্ণিত ইউটিলাইজেশন পারমিশন ও ইউটিলাইজেশন ডিক্লারেশন ;"

(খ) দফা (ঘঘ) এর-

(অ) উপ-দফা (অ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (অ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-



মূল্য : টাকা ৮·০০

"(অ) প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি হিসাবে বিবেচিত হওয়ার বৎসরে উক্ত ব্যক্তি তৎপূর্ববর্তী বৎসরের তুলনায় অন্যূন ১৫% অধিক হারে কর প্রদানে কমিশনারের নিকট অঙ্গীকারাবদ্ধ হন এবং পূর্ববর্তী তিন বৎসরে তাঁহার কর প্রদান সন্তোষজনক বলিয়া কমিশনারের নিকট প্রতীয়মান হয় ;";

(আ) উপ-দফা (আ) বিলুপ্ত হইবে ;

(২) বিধি ৪ এর –

(ক) উপ-বিধি (২) এর "ফরম মূসক-২" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "ফরম মূসক-৬" শব্দগুলি ও সংখ্যা এবং "ফরম মূসক-৩" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "ফরম মূসক-৮" শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-বিধি (১৬) এ "তাহার নিজস্ব পন্থায় দলিলাদি" শব্দগুলির পরিবর্তে "ফরম মূসক-১৭ক এ তাহার লেনদেনের হিসাব" শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(৩) বিধি ৯ এর একাধিক স্থানে উল্লিখিত "বিভাগীয় কার্যালয়ে" শব্দগুলির পর সকল স্থানে "অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তার নিকট" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৪) বিধি ১১ এর "বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলির পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা অথবা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে আদেশ দ্বারা নির্ধারিত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৫) বিধি ১৮ এর–

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১) নিবন্ধিত সরবরাহকারী উপকরণের সরাসরি আমদানিকারক হইলে, সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, যাহাতে আমদানি পর্যায়ে প্রদত্ত মূল্য সংযোজন কর পৃথকভাবে প্রদর্শিত হইবে, রেয়াতের জন্য চালানপত্র বলিয়া গণ্য হইবে।";

(খ) উপ-বিধি (২) এর "চালানপত্র বা সহায়ক" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(৬) বিধি ২৪ এর উপ-বিধি (১) এর "বিশ" শব্দটির পরিবর্তে "দশ" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ৩৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"৩৮। আদেশ বা বিজ্ঞপ্তি বা ব্যাখ্যা বা পরিপত্র জারির ক্ষমতা।– এই বিধিমালা হইতে উদ্ভূত যে কোন বিষয়ে বোর্ড বা কমিশনার বা পরিদপ্তরের মহা-পরিচালক সময় সময় স্ব স্ব এখতিয়ারভুক্ত বিষয় সম্পর্কে আদেশ বা বিজ্ঞপ্তি বা ব্যাখ্যা বা পরিপত্র জারি করিতে পারিবেন।" ;

(৮) ফরম মূসক-২ বিলুপ্ত হইবে ;

(৯) ফরম মূসক-৩ বিলুপ্ত হইবে ;

(১০) ফরম মূসক-৬ এর পরিবর্তে নিম্নরূপ ফরম মূসক-৬ প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

মূসক-৬

**Government of the Peoples' Republic of Bangladesh**
**National Board of Revenue**
**Application Form for Registration/Enlistment**
**(VAT/ Turnover Tax/ Cottage Industry)**

1. Name of Organization / Individual

2. Type of Organization [Use Tick mark]

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | Corporate (private) | | Corporate (public) | | Partnership | | Proprietorship |

2a. Name of Corporate or Group (if applicable)

3. Business Address

Phone | Fax

4. Factory Address

Phone | Fax

5. Head Office Address (if any)

Phone | Fax

6. Taxpayer Classification [*Use Tick mark (√) where applicable*]

| *Tax Category* | | *Taxpayer Type* | | *Other Information* |
|---|---|---|---|---|
| VAT | | Supplier (Manufacturer) | | Trade License No. ::<br>Authority ::<br>Fiscal Year :: |
| | | Supplier (Trader) | | |
| Turnover Tax<br>( Yearly/Quarterly/ Monthly ) | | Service Renderer | | Import Reg. No. ::<br>(Put an 'X' if exempted) |
| Cottage Industry | | Importer | | Export Reg. No. ::<br>(Put an 'X' if exempted) |
| Other | | Exporter | | |

7. Type of Registration: Unit Central (Franchise)

8. TIN (if any)

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | - | | | | - | | | | | |

9. Previous Registration/Enlistment Number (if any)

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | - | | | | - | | | | | |

10. Item(s) to be produced and/or traded / Service(s) to be rendered :

| Name | H. S. Code / Service Code | Probable yearly Turnover |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

**General Instructions**

1. Application form must be filled in capital letters.
2. Registration Number (BIN #) cannot be allotted unless this application form is properly filled in.

I hereby declare that the information furnished above is true and complete.

| | |
|---|---|
| Position / Title | Name |
| Date | Signature |

## আবেদনকারীর জন্য নির্দেশনা

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 1. | Name of organization/ individual | ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখিতে হইবে। |
| 2a. | Name of Corporate/ group (if applicable) | প্রতিষ্ঠানটি যদি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ হয় তবে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| 3. | Business Address | যে স্থানে করযোগ্য কার্যক্রম তথা ব্যবসায় পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ী বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্টকোড উল্লেখ করিতে হইবে। নিম্নে বর্ণিত ক্রমানুযায়ী ঠিকানা প্রদান করিতে হইবে:<br>বাড়ী নম্বর, সড়ক, গ্রাম/এলাকা/থানা /ওয়ার্ড, পোস্টাল কোড, জেলা, ফোন (যদি থাকে)। |
| 5. | Head Office Address | যদি প্রতিষ্ঠানটি একক মালিকানাধীন হয় তবে করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায় গ্রুপ হইয়া থাকে, তাহা হইলে প্রতিষ্ঠানটির মূল তথা রেজিস্টার্ড অফিসের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে নিম্নে বর্ণিত ক্রমানুযায়ী ঠিকানা প্রদান করিতে হইবে ঃ<br>বাড়ী নম্বর, সড়ক, গ্রাম/এলাকা/থানা /ওয়ার্ড, পোষ্টাল কোড, জেলা, ফোন (যদি থাকে)। |

| | | |
|---|---|---|
| 6. | Taxpayer Classification | Tax Category এর ডান পাশে একটি (√) চিহ্ন ও Taxpayer Type-এর ডান পাশে এক বা একাধিক(√) চিহ্ন দিন। ট্রেড লাইসেন্স নম্বর ও অর্থবছর অবশ্যই লিখিতে হইবে। আমদানী বা রপ্তানী হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে রেজিস্ট্রেশন নম্বরের ডান পাশে একটি (X) চিহ্ন দিতে হইবে। |
| 8. | TIN (If any) | করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা করযোগ্য প্রতিষ্ঠানের আয়কর বিভাগ প্রদত্ত TIN (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রহিয়াছে, এক একটি ঘরে এক একটি সংখ্যা লিখিতে হইবে। |
| 10. | Item(s) to be produced and/or traded / Service(s) to be rendered : | আবেদনকারী যে পণ্য উৎপাদন করেন বা যে পণ্যের ব্যবসায় করিয়া থাকেন অথবা যে সেবা প্রদান করিয়া থাকেন তাহা উল্লেখ করিতে হইবে। টেবিলের ডান পার্শ্বে "Probable Yearly Turnover" ঘরে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার বিপরীতে প্রাপ্ত/প্রাপ্য মোট বার্ষিক বিক্রয়ের পরিমাণ লিখিতে হইবে। |

## For Official Use Only

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| To be filled at the Issuing Office | | | | | | | | |
| Status of Application | | New | | Change | | Close | BIN | |
| Effective Date of Registration | | / | | / | | | | |
| Activity Code | | | | | | | | |
| Application Category | | Mandatory | | Optional | | Forced | | |
| Circle Code: | | | | | | | | |

| | |
|---|---|
| Seal of the Office | Name /Designation of Authorized Officer |
| Date | Signature |

(১১) ফরম মূসক-৮ এর পরিবর্তে নিম্নরূপ ফরম মূসক-৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ--

"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর কমিশনারেট.................

বিভাগ ঃ

মূসক-৮

মূল্য সংযোজন কর নিবন্ধনপত্র/টার্ণওভার কর তালিকাভুক্তি পত্র/কুটির শিল্প তালিকাভুক্তি পত্র

[বিধি ১১ দ্রষ্টব্য/বিধি ৪(২) দ্রষ্টব্য]

নাম ঃ

ঠিকানা ঃ

TIN (যদি থাকে)ঃ | | | | | | | | | | | | ফোন নম্বর ঃ

পূর্ববর্তী BIN (যদি থাকে)ঃ | | | | | | | | | | | ফ্যাক্স নম্বর ঃ

আপনাকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর অধীনে কর দাতা হিসাবে ............ তারিখ হইতে নিবন্ধিত/ টার্ণওভার কর/কুটির শিল্প তালিকাভুক্ত করা হইয়াছে।

আপনার ব্যবসার প্রকৃতি ঃ

ব্যবসার কার্যক্রম ঃ

কাজেই আপনাকে -

সকল করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, প্রদান করিতে হইবে;

চলতি হিসাবে সমন্বয় অথবা ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারী বা অনুমোদিত ব্যাংকে অর্থ জমা প্রদানের মাধ্যমে মূল্য সংযোজন কর/সম্পূরক শুল্ক/টার্ণওভার কর পরিশোধ করিতে হইবে; এবং

যে কোন মাস সম্পর্কিত মূল্য সংযোজন কর দাখিলপত্র/টার্ণওভার কর দাখিলপত্র আইন ও বিধিমালা অনুযায়ী নির্ধারিত কর মেয়াদ পরবর্তী মাসের দশ তারিখের মধ্যে পেশ করিতে হইবে।

আপনার কর দাতা সনাক্তকরণ/তালিকাভুক্তি সংখ্যা ও এলাকা কোড নিম্নে উল্লেখ করা হইল ঃ

| করদাতা সনাক্তকরণ/তালিকাভুক্তি সংখ্যা | এলাকা কোড |
|---|---|
| | |

এই সংখ্যাসমূহ আপনার দ্বারা প্রদত্ত সকল চালানপত্রে এবং মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত আপনার সকল যোগাযোগের ক্ষেত্রে উল্লেখ করিতে হইবে। আপনি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সকল বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন। এতদ্‌বিষয়ে কোন ব্যাখ্যা বা তথ্যের প্রয়োজন হইলে আপনি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত অফিস চলাকালে যে কোন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। আপনার নিবন্ধন/তালিকাভুক্তির আবেদন পত্রে প্রদত্ত তথ্যে কোন পরিবর্তন হইলে তাহা অবিলম্বে সংশ্লিষ্ট মূসক অফিসকে যথাযথভাবে জানাইতে হইবে।

তারিখঃ

বিভাগীয় কর্মকর্তা/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা"

(১২) ফরম মূসক-১৩ বিলুপ্ত হইবে;

(১৩) ফরম মূসক-১৬ এর পরিবর্তে নিম্নরূপ ফরম মূসক-১৬ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

মূসক-১৬

"ক্রয় হিসাব পুস্তক

(বিধি ২২(১) দ্রষ্টব্য)

| পণ্য / সেবার উপকরণ ক্রয় | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | মজুদ উপকরণের প্রারম্ভিক জের | | বিক্রেতা/সরবরাহকারী | | | চালানপত্র/বিল অব এন্ট্রি নং ও তারিখ | ক্রয়কৃত উপকরণ | | | | | পণ্য প্রস্তুতকরণ/উৎপাদনে ব্যবহার | | মন্তব্য |
| | পরিমাণ | মূল্য | নাম | ঠিকানা | নিবন্ধন নং | | বিবরণ | পরিমাণ | মূল্য (সম্পূরক শুল্ক ও মূসক বাদে) | সম্পূরক শুল্ক (যদি থাকে) | মূসক | পরিমাণ | মূল্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

<u>বিশেষ দ্রষ্টব্য</u>

১. উপকরণ বলিতে, সকল ক্ষেত্রে, শ্রম, ভূমি, ইমারত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার কাঁচামাল, যে কোন গ্যাস, জ্বালানী হিসাবে ব্যবহৃত যে কোন পদার্থ, মোড়ক সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশকে বুঝাইবেঃ

তবে, ব্যবসায়ীর ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যকে বুঝাইবে।

ব্যাখ্যাঃ যে উপকরণের বিপরীতে উপকরণ কর রেয়াত দাবী করা হইবে আইনের ধারা ৫ এর উপ- ধারা (২) অনুযায়ী পণ্যের মূল্য সংযোজন কর আরোপের জন্য নির্ধারিত মূল্যে উক্ত উপকরণের মূল্য অন্তর্ভুক্ত থাকিতে হইবে।

২. অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবা ক্রয়/বিক্রয়ের ক্ষেত্রে শুধুমাত্র মূল্য উল্লেখ করিতে হইবে।";

(১৪) ফরম মূসক-১৭ এর পরিবর্তে নিম্নরূপ ফরম মূসক-১৭ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

মূসক-১৭

"বিক্রয় হিসাব পুস্তক
(বিধি ২২(১) দ্রষ্টব্য)

| পণ্য / সেবার বিক্রয় | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | উৎপাদিত পণ্যের প্রারম্ভিক জের | | উৎপাদন | | ক্রেতা/সরবরাহ গ্রহীতা | | | চালান পত্রের নং ও তারিখ | সরবরাহকৃত পণ্য | | | | | মন্তব্য |
| | পরিমান | মূল্য | পরিমাণ | মূল্য | নাম | ঠিকানা | নিবন্ধন নং | | বিবরণ | পরিমাণ | বিক্রয় মূল্য (সম্পূরক শুল্ক ও মূসক বাদে) | সম্পূরক শুল্ক (যদি থাকে) | মূসক | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

"।

(১৫) ফরম মূসক-১৭ এর পর নিম্নরূপ নূতন ফরম মূসক-১৭ক সংযোজিত হইবে, যথাঃ–

"ক্রয় ও বিক্রয় হিসাব পুস্তক মূসক-১৭ক

(বিধি ৪(১৬) দ্রষ্টব্য)

মাসের নাম ঃ ______________

সন ঃ ______________

| ক্রমিক নং | ক্রয়কৃত উপকরণের মূল্য | ক্রয়ের তারিখ ও চালানের নং | সরবরাহকৃত পণ্যের/প্রদত্ত সেবার মূল্য | সরবরাহের/প্রদানের তারিখ ও চালানপত্র নং |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |

"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( ডঃ মোঃ রফিকুল ইসলাম )
প্রথম সচিব
মূসক-নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস, আর, ও, নং-১১৫-আইন/৯৮/১৭৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৭(১) ও ধারা ৩৯(২) এর সহিত পঠিতব্য ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার আটককৃত পণ্য ও যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৭ রহিতক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ–

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।- এই বিধিমালা আটককৃত পণ্য ও যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) " আইন " অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ;

(খ) "কর্মকর্তা" অর্থ বিধি ৩ এ উল্লিখিত কর্মকর্তা ;

(গ) "ছাড়" অর্থ আইনের ধারা ২৭ এর অধীন আটককৃত কোন পণ্য বা ধারা ৩৯ এর অধীন বাজেয়াপ্তযোগ্য ও আটককৃত কোন যানবাহন সম্পর্কে আইনের বিধান অনুসারে ন্যায় নির্ণয়ন অনিষ্পন্ন থাকা অবস্থায় (Pending adjudication) অন্তবর্তীকালীন সময়ের জন্য এই বিধিমালা অনুসারে প্রদত্ত ছাড়।

৩। আটককৃত পণ্য ও যানবাহন ছাড় প্রদানকারী কর্মকর্তা।– (১) আইনের ধারা ২৭ এর অধীনে কোন নিবন্ধিত ব্যক্তির পণ্য আটক করা হইলে যেই স্থানে পণ্য আটক করা হয় উহার উপর এক্তিয়ার সম্পন্ন সহকারী কমিশনার বা তদূর্ধ্ব কোন কর্মকর্তা বিধি ৪ অনুসারে উক্ত পণ্যের ছাড় প্রদান করিতে পারিবেন।

(২) আইনের ধারা ৩৯ এর অধীন বাজেয়াপ্তযোগ্য ও আটককৃত কোন যানবাহন উক্ত কর্মকর্তা বিধি ৪ অনুসারে ছাড় প্রদান করিতে পারিবনে।

(৩) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে–

(ক) আইনের ধারা ৪০ এর বিধান অনুসারে ন্যায়নির্ণয়নের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণই হইবেন অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের ক্ষমতা সম্পন্ন কর্মকর্তা;

(খ) দফা (ক) তে উল্লিখিত ছাড়প্রদানের ক্ষমতা সম্পন্ন কর্মকর্তাগণের কেহ কোন সময় অনুপস্থিত থাকিলে, কমিশনারের ক্ষেত্রে তাহার অধীনস্থ জ্যেষ্ঠতম এমন কর্মকর্তা যিনি যুগ্ম কমিশনারের নিম্নতর নহেন, এবং অন্যান্য কর্মকর্তার অনুপস্থিতির ক্ষেত্রে তাহার উর্ধ্বতন যে কোন কর্মকর্তা এই বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

৪। ছাড় প্রদানের পদ্ধতি ও শর্তাদি।– (১) আটককৃত পণ্য বা যানবাহনের মালিক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পণ্য বা যানবাহন বা ক্ষেত্রমত উভয়ই ছাড়করণের জন্য এই বিধিমালার সহিত সংযুক্ত ছক "ক" তে প্রয়োজনীয় তথ্য উল্লেখ করিয়া ছাড়করণের আবেদন সম্বলিত ব্যক্তিগত মুচলেকা দাখিল করিতে পারিবেন।

(২) পণ্য বা যানবাহন এর মালিকানা সম্পর্কিত মূল কাগজপত্রের অনুলিপি এবং যানবাহনের ক্ষেত্রে চালকের ড্রাইভিং লাইসেন্সের অনুলিপি উক্ত মুচলেকার সহিত দাখিল করিতে হইবে।

(৩) উক্ত আবেদনপত্র তথা মুচলেকা পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিত হইতে হইবে এবং উহাতে এই মর্মে সুনির্দিষ্ট অঙ্গীকার থাকিতে হইবে যে, আটককৃত পণ্য বা যানবাহন বা উভয়ই কর্মকর্তার নির্দেশিত স্থানে, সময়ে ও পদ্ধতিতে উপস্থাপন করা হইবে এবং উক্তরূপ উপস্থাপনে ব্যর্থ হইলে পণ্য বা যানবাহনের মালিক আইনের ধারা ৩৭ অনুযায়ী দন্ডনীয় হইবেন।

(৪) এই বিধির অধীনে আটককৃত পণ্য বা যানবাহন বা উভয়ই ছাড়করণের জন্য উপ-বিধি (১), (২) ও (৩) অনুসারে দাখিলকৃত আবেদন তথা মুচলেকা এবং উহাতে উল্লিখিত তথ্যাদি ও তৎসংশ্লিষ্ট কাগজপত্র সম্পর্কে সন্তুষ্ট হইলে কর্মকর্তা উক্ত পণ্য বা যানবাহন বা উভয়ই মুচলেকা প্রদানকারীর ব্যক্তিগত জিম্মায় প্রদানের মাধ্যমে উহা ছাড় প্রদানের বিষয়টি ছক-ক এর সংশ্লিষ্ট অংশে সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করিয়া উহার একটি সত্যায়িত অনুলিপি মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিবেন।

(৫) কর্মকর্তা আটককৃত পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা সংগ্রহ ও সংরক্ষণ করিতে পারিবেন; এইরূপ নমুনা সংগৃহীত হইলে উহার তালিকা দাখিলকৃত মুচলেকা অথবা মুচলেকার সহিত সংযুক্ত আলাদা কাগজে লিপিবদ্ধ করতঃ উহার একটি সত্যায়িত অনুলিপি মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীনে সংগৃহীত নমুনা ন্যায় নির্ণয়ন মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট গুদাম কর্মকর্তা সংরক্ষণ করিবেন এবং কোন কারণে উহা সংরক্ষণ করা সম্ভব না হইলে কর্মকর্তা তাহার বিবেচনামত উপযুক্ত পদ্ধতিতে উক্ত নমুনা নিষ্পত্তি করিতে পারিবেন এবং বিষয়টি সংশ্লিষ্ট নথিতে বা রেজিষ্টারে লিপিবদ্ধ করিবেন।

(৭) এই বিধিমালা অনুসারে মুচলেকা দাখিল করা হইলে —

(ক) কর্মকর্তা আটককৃত পণ্যের ক্ষেত্রে মুচলেকা দাখিলের তারিখের পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে এবং আটককৃত যানবাহনের ক্ষেত্রে মুচলেকা দাখিলের পরবর্তী দুই কার্যদিবসের মধ্যে ছাড় প্রদান করিবেন;

(খ) কোন কারণে কর্মকর্তা ছাড় প্রদান না করিলে উক্ত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কারণ উল্লেখ পূর্বক আবেদনকারীকে তাহার সিদ্ধান্ত লিখিতভাবে জানাইয়া দিবেন;

(গ) উক্ত সময়সীমার মধ্যে কর্মকর্তা ছাড় প্রদান করিতে ব্যর্থ হইলে অথবা দফা (খ) এর অধীনে নেতিবাচক সিদ্ধান্ত না জানাইলে উক্ত মুচলেকা গৃহীত হইয়াছে এবং উক্ত পণ্য বা যানবাহন বা উভয়ই স্বয়ংক্রিয়ভাবে ছাড়প্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং কর্মকর্তা উক্ত সময়ান্তে অবিলম্বে আটককৃত পণ্য বা যানবাহন ছাড় করিয়া দিবেন।

ছক-ক

## ব্যক্তিগত মুচলেকা

[ বিধি ৪(১) দ্রষ্টব্য ]

(অংশ-কঃ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

আমি/আমরা (পণ্য / যানবাহনের মালিকের নাম, প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর, ঠিকানা) ________________, ________________, ________________ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৭ এর উপ-ধারা (১) ও ধারা ৩৯ এর উপ-ধারা (২) মোতাবেক নিম্নে বর্ণিত পণ্য / যানবাহনের অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের জন্য আবেদনকরতঃ মূল্য সংযোজন কর সহকারী/ ডেপুটি/ যুগ্ম/ অতিরিক্ত কমিশনার/ কমিশনার (অফিসের নাম) ..........................................
এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বরাবরে এই অঙ্গীকারনামা প্রদান করিতেছি।

২। আমি / আমরা এই মর্মে অঙ্গিকার প্রদান করিতেছি যে, আটককৃত পণ্য বা যানবাহন বা উভয়েরই উপরে উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত পণ্য বা যানবাহন যে কোন সময় নির্দেশিত স্থানে বা পদ্ধতিতে উপস্থাপন করিতে বাধ্য থাকিব এবং উক্তরূপ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে আইনের ধারা ৩৭ অনুযায়ী দন্ডনীয় হইব।

৩। আটককৃত পণ্য / যানবাহন সম্পর্কিত তথ্যাবলীঃ

(১) আটক মামলার নম্বরঃ .......................... তারিখঃ ..........................

(২) পণ্য ঃ
ক) পণ্যের নাম ..................................................
খ) পণ্যের পরিমাণ ..................................................
গ) পণ্য মূল্য (মামলায় নিরূপিত).............................. (টাকা)

(৩) যানবাহন ঃ
ক) যানবাহনের ধরণ ..................................
খ) মডেল ও তৈরীর সন ..........................................
গ) চেসিস নম্বর ..........................................
ঘ) ইঞ্জিন নম্বর ..........................................
ঙ) রেজিষ্টেশনের স্থান ...................... তারিখ ......................
চ) রেজিষ্টেশন নম্বর ............ রেজিষ্টেশনের বৈধ মেয়াদ ............
ছ) চালকের নাম ............... ড্রাইভিং লাইসেন্স নম্বর ................
জ) যানবাহনের অন্যান্য বিবরণ, যদি থাকে ..............................

স্থান .................................... স্বাক্ষর ....................................
তারিখ .................................... নাম ....................................
পদবী ....................................
মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর ............

(অংশ-খ ঃ মূল্য সংযোজন কর অফিস কর্তৃক পূরণীয়)

(১) রেজিষ্টারে ব্যক্তিগত মুচলেকার ক্রমিক নম্বর ঃ

(২) উপরি-উক্ত পণ্য বা যানবাহন বা উভয়ই উহার/উহাদের মালিক বা তাহার নিকট হইতে প্রাধিকার প্রাপ্ত ব্যক্তি (নাম ও ঠিকানা) ........................................................................ এর ব্যক্তিগত জিম্মায় ছাড় প্রদান করা হইল।

(৩) সংগৃহীত নমুনার তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে)

বিঃ দ্রঃ ১। মুচলেকা গৃহীত হইলে উহার সত্যায়িত অনুলিপি মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিতে হইবে ;

২। সংগৃহীত নমুনার তালিকার সত্যায়িত অনুলিপিও মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিতে হইবে।

কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আহমেদ মুনিরুছ সালেহীন ]
দ্বিতীয় সচিব
মূসক-নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১১৬-আইন/৯৮/১৭৭-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৫ এর উপ-ধারা (৪ক) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ–

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।– (ক) এই বিধিমালা ব্যবসায়ী কর্তৃক সরবরাহকৃত করযোগ্য পণ্যের মোট মূল্য নিরূপণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(খ) ইহা জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৩৭-আইন/৯৭/১৫৪-মূসক, তারিখ ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/১২ই জুন, ১৯৯৭ ইং এ বর্ণিত পদ্ধতিতে যাহারা কর প্রদান করিবেন তাহারা ব্যতীত সকল ব্যবসায়ীর প্রতি প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।– বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) " আইন " অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);
(খ) "কমিটি" অর্থ বিধি ৩ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটি ;
(গ) " কর " অর্থ আইনের অধীনে ধার্য ও প্রদেয় মূল্য সংযোজন কর ;
(ঘ) " ব্যবসায়ী " অর্থ আইনের ধারা ২ এর দফা (থথ) এ সংজ্ঞায়িত ব্যবসায়ী।

৩। ঘোষণা প্রদান ও কমিটি কর্তৃক যাচাইকরণ।– (১) করযোগ্য পণ্যের কোন ব্যবসায়ী যদি উক্ত পণ্য সরবরাহ বাবদ এই বিধিমালা অনুযায়ী নিরূপিত মোট মূল্যের ভিত্তিতে কর প্রদান করিতে চাহেন তাহা হইলে তাহাকে এখতিয়ার সম্পন্ন বিভাগীয় কর্মকর্তার নিকট এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম-ক এ একটি ঘোষণা অর্থবৎসরের প্রথম কর মেয়াদে প্রদান করিতে হইবে এবং যে অর্থ বৎসরে উক্ত ঘোষণা প্রদান করা হইবে কেবল সেই অর্থ বৎসরের জন্য উহা কার্যকর থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন ব্যবসায়ী কর্তৃক প্রদত্ত ঘোষণা যাচাই করার উদ্দেশ্যে কমিশনার নিম্নলিখিত সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন, যথা ঃ–

(ক) সংশ্লিষ্ট এলাকার সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর বা ধারা ২০ এ বর্ণিত তদূর্ধ্ব পদমর্যাদার যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা - আহ্বায়ক;

(খ) সংশ্লিষ্ট এলাকার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ-এর প্রতিনিধি - একজন;

(গ) সংশ্লিষ্ট এলাকার দোকান মালিক সমিতি বা এসোসিয়েশন এর প্রতিনিধি - একজন।

(৩) কমিটি ঘোষনা প্রদানকারী ব্যবসায়ীর ব্যবসা কেন্দ্রের অবস্থান, ভাড়া, আকার, কর্মচারীর সংখ্যা, শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা, টেলিফোন ও ফ্যাক্স সুবিধাসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনা করিয়া উহার মতামত প্রদান করিবে এবং উক্ত মতামতের ভিত্তিতে উক্ত ব্যবসায়ীর পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মোট মূল্য নিরূপিত হইবে।

৪। কর নির্ধারণ।– বিধি ৩ এর অধীন নিরূপিত পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মোট মূল্যের বিশ শতাংশ কর নিরূপণের জন্য ভিত্তি হিসাবে গণ্য হইবে।

৫। কর পরিশোধ পদ্ধতি।– (১) কমিটি কর্তৃক কোন ব্যবসায়ীর পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মোট মূল্য সম্পর্কিত মতামত পেশের সাত দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তা করের পরিমাণ নির্ধারণ করিয়া উহা আদায়ের জন্য এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম-খ এ একটি ডিমান্ড নোট জারী করিবেন যাহা প্রাপ্তির পনের কার্যদিবসের মধ্যে উক্ত ব্যবসায়ী উক্ত ডিমান্ড নোটে উল্লিখিত পরিমাণ কর এককালীন অথবা ত্রৈমাসিক সমান চার কিস্তিতে "১৪-ক-মূল্য সংযোজন কর" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন এবং ট্রেজারী চালানের মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান ও উহার চিত্রলিপি নিজস্ব ব্যবসায় প্রতিষ্ঠানে সংরক্ষণ করিবেন।

(২) এই বিধিমালা যাহাদের প্রতি প্রযোজ্য তাহাদের কেহ যদি বিধি ৩ এর উপ-বিধি (১) অনুযায়ী নির্ধারিত সময়ে ঘোষণা প্রদান না করেন বা করিতে ব্যর্থ হন তাহা হইলে স্থানীয় মূল্য সংযোজন কর কর্মকর্তা কিংবা বিভাগীয় কর্মকর্তা এর অনুরোধক্রমে কমিটি উক্ত ব্যক্তির পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মূল্য নিরূপণ করিতে পারিবে।

৬। দন্ড।– যদি কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধান লংঘন করেন তাহা হইলে তিনি, আইনের অধীন তাহার বিরুদ্ধে অন্য যে কোন ব্যবস্থা গ্রহণের বিধান ক্ষুন্ন না করিয়া, অনধিক পঁচিশ হাজার টাকা অথবা সংশ্লিষ্ট পণ্য সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন করের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হইবে, অর্থদন্ডে দন্ডনীয় হইবেন এবং উক্ত লংঘন যে পণ্য সম্পর্কিত হইবে উহা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

ফরম–ক

[ বিধি ৩(১) দ্রষ্টব্য ]

.............. অর্থ বৎসরে ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহ বাবদ মোট মূল্য নিরূপণের উদ্দেশ্যে ঘোষণাপত্র।

১। ব্যবসায় প্রতিষ্ঠানের -

(ক) নাম ঃ

(খ) ঠিকানা ঃ সড়ক ------- বাড়ী নং ----- থানা ------ জেলা -----

(গ) টেলিফোন নম্বর ঃ

(ঘ) ফ্যাক্স নম্বর ঃ

(ঙ) বি আই এন নম্বর ঃ

[ না থাকিলে মূসক অফিস একটি নম্বর প্রদান করিয়া পূরণ করিবে ]

(চ) ট্রেড লাইসেন্স নম্বর ঃ

(ছ) ঘরের আয়তন ঃ

(জ) ঘরে শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা আছে কি-না ঃ

(ঝ) প্রদেয় ঘর ভাড়ার পরিমাণ ঃ

(ঞ) কর্মচারীর সংখ্যা ঃ

২। বিগত বৎসরের টার্নওভার [মোট সরবরাহ মূল্য] ঃ ............ ........... টাকা।

৩। প্রধান যেসব পণ্য সরবরাহ করা হইয়া থাকেঃ [ প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে ]

(১)

(২)

(৩)

(৪)

৪। দোকান মালিক সমিতি/এসোসিয়েশন বা চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজ এর সদস্য হইয়া থাকিলে উহার নাম ঃ

তারিখঃ ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকের নাম ঃ

স্বাক্ষর ঃ

<u>কমিটির ব্যবহারের জন্য</u>

উল্লিখিত প্রতিষ্ঠানটির ---------- অর্থ বৎসরের জন্য মূল্য সংযোজন কর আরোপের উদ্দেশ্যে টার্ণওভারের/সরবরাহ মূল্যের পরিমাণ---------/- টাকা নিরূপণ করা হইল।

স্বাক্ষর (তারিখসহ) ঃ

১। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধি ঃ

২। দোকান মালিক সমিতি/এসোসিয়েশনের প্রতিনিধি ঃ

<u>কমিটির আহ্বায়কের স্বাক্ষর ও তারিখ।</u>

ঘোষণাপ্রদানকারী প্রতিষ্ঠান মেসার্স ---------------------------- BIN নম্বর --------------------।
------------- অর্থ বৎসরের জন্য উক্ত প্রতিষ্ঠানের প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ -----------/ টাকায় নির্ধারণ করা হইল।

তারিখ ঃ [বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সীল]

ফরম—খ

[ বিধি ৫(১) দ্রষ্টব্য ]

ডিমান্ড নোট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর

------------------- বিভাগ।

স্মারক নং-

তাং-

প্রথম/দ্বিতীয়/তৃতীয় কপি

মেসার্স -------------------------------

ঠিকানা -------------------------------

বি আই এন নম্বর ----------------------

বিষয় ঃ মূল্য সংযোজন কর পরিশোধের জন্য ডিমান্ড নোট।

আপনার ------------ তারিখের ঘোষণা এবং এতদউদ্দেশ্যে গঠিত কমিটির মতামতের প্রেক্ষিতে আপনার .............. অর্থ বৎসরের জন্য মূল্য সংযোজন করের পরিমাণ ---------- টাকা নির্ধারণ করা হইয়াছে। উক্ত অর্থ এককালীন আগামী --------- দিনের মধ্যে অথবা ত্রৈমাসিক সমান চার কিস্তিতে, প্রথম কিস্তি ............. তারিখ, দ্বিতীয় কিস্তি .............. তারিখ, তৃতীয় কিস্তি .............. তারিখ ও চতুর্থ কিস্তি .............. তারিখ এর মধ্যে, "১৪-ক-মূল্য সংযোজন কর"-খাতে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ পূর্বক ট্রেজারী চালানের মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর অফিস [ ঠিকানা---------- ]-এ প্রেরণ করিবার জন্য আপনাকে অনুরোধ করা হইল। এই ডিমান্ড নোট ও ট্রেজারী চালানের একটি চিত্রলিপি আপনার ব্যবসায় প্রতিষ্ঠানে সংরক্ষণ করার জন্যও অনুরোধ করা হইল।

[ বিভাগীয় কর্মকর্তার নামীয়
সীল ও স্বাক্ষর ]

অনুলিপি ঃ—

স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়
---------------------------।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ডঃ মোঃ রফিকুল ইসলাম ]
প্রথম সচিব
মূসক-নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/১১ ই জুন, ১৯৯৮ ইং।

এস,আর,ও, নং-১১৭-আইন/৯৮/১৭৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪৬(২) এর সহিত পঠিতব্য ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ–

১। সংক্ষিপ্ত শিরনামা।– এই বিধিমালা মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।– বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় –

(ক) 'আইন' অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) 'একাডেমী' অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর প্রশিক্ষণ একাডেমী, চট্টগ্রাম;

(গ) 'পরামর্শক' অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত মূল্য সংযোজন কর পরামর্শক;

(ঘ) 'লাইসেন্স' অর্থ এই বিধিমালার অধীনে প্রদত্ত মূল্য সংযোজন কর পরামর্শক লাইসেন্স;

(ঙ) 'বোর্ড' বলিতে, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। লাইসেন্সের জন্য আবেদন।– (১) বিধি ৪ এ উল্লিখিত যোগ্যতা সম্পন্ন যে কোন ব্যক্তি লাইসেন্সের জন্য বৎসরের যে কোন সময় এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম-ক তে বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উক্ত আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথাঃ–

(ক) আবেদনকারীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ;

(খ) শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সমর্থনকারী সনদ বা অন্যান্য কাগজপত্রের সত্যায়িত অনুলিপি ;

(গ) আবেদনকারী যে ইউনিয়ন বা পৌর এলাকার বাসিন্দা উহার চেয়ারম্যান বা প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ ;

(ঘ) বোর্ড কর্তৃক নির্ধারিত অংকের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৪। আবেদনকারীর লাইসেন্স প্রাপ্তির যোগ্যতা ও অযোগ্যতা।–

(১) লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকিতে হইবে, যথাঃ–

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে ;

(খ) আবেদনকারীর বয়স আবেদনের তারিখে অন্ততঃ পঁচিশ বৎসর হইতে হইবে;

(গ) আবেদরকারীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী, অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে উত্তীর্ণ চার্টার্ড একাউন্টেন্ট বা কষ্ট একাউন্টেন্ট, অথবা মূল্য সংযোজন কর, শুল্ক কিংবা আয়কর বিভাগে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে পনেরো বছরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

(২) নিম্নবর্ণিত কোন ব্যক্তি লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথাঃ–

(ক) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীরত বা চাকুরী হইতে বরখাস্ত কোন ব্যক্তি ;

(খ) এই বিধিমালার অধীনে ইতিপূর্বে যাহার লাইসেন্স বাতিল করা হইয়াছে এমন কোন ব্যক্তি।

৫। লাইসেন্স প্রদানের নিমিত্ত পরীক্ষা গ্রহন।-

(১) সকল যোগ্য আবেদনকারীকে নিম্নলিখিত বিষয় সমূহের উপর, উহাদের ডান পার্শ্বে বর্ণিত পূর্ণ নম্বর অনুযায়ী, ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহন করিতে হইবেঃ

| | |
|---|---|
| (ক) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১<br>(খ) মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>(গ) মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রজ্ঞাপন ও আদেশ সমূহ | ৬০ |
| (গ) Customs Act, 1969 | ২০ |
| (ঘ) আমদানী নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)<br>(ঙ) রপ্তানী নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)<br>(চ) The Foreign Exchange Regulation Act, 1947<br>(ছ) The Imports and Exports (Control) Act, 1950 | ২০। |

(২) বোর্ডের নিদের্শনা অনুযায়ী উপরি-উক্ত সিলেবাসের ভিত্তিতে একাডেমী লিখিত পরীক্ষা, এবং ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহন করিবে এবং পরীক্ষা সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সম্পাদন করিবে; লিখিত ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর না পাইলে কোন আবেদনকারী লাইসেন্স পাইবার জন্য যোগ্য বিবেচিত হইবে না।

(৩) একাডেমী হইতে পরীক্ষার ফলাফল পাওয়ার পরে বোর্ড নির্বাচিত আবেদনকারীদের নাম বিজ্ঞাপিত করিবে এবং তাহা পত্রযোগে সংশ্লিষ্ট আবেদনকারীদেরও জানাইবে।

৬। লাইসেন্স প্রদান ও নবায়ন।- (১) বোর্ড তৎকর্তৃক নির্ধারিত ফরমে নির্বাচিত আবেদনকারীকে একটি লাইসেন্স প্রদান করিবে।

(২) লাইসেন্স প্রদানের তারিখ হইতে উহা তিন বৎসর বলবৎ থাকিবে এবং উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে বা মেয়াদ শেষ হওয়ার পরে ত্রিশ দিনের মধ্যে নবায়নের জন্য আবেদন করা হইলে বোর্ড উহা নবায়ন করিতে পারিবে।

(৩) কোন পরামর্শক বিধি ৪ এর উপ-বিধি (২) তে উল্লিখিত অযোগ্যতা অর্জন করিয়া থাকিলে তাহার লাইসেন্স নবায়ন করা হইবে না।

(৪) লাইসেন্স নবায়নের জন্য পরামর্শক সাদা কাগজে একটি দরখাস্ত সহকারে মূল লাইসেন্স বোর্ডে দাখিল করিবেন এবং মেয়াদ শেষ হওয়ার ৬০ (ষাট) দিনের মধ্যে বোর্ড লাইসেন্সটি নবায়নকরতঃ উহা পরামর্শককে ফেরত দিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখ পূর্বক লাইসেন্স নবায়ন না করার সিদ্ধান্ত তাহাকে জানাইয়া দিবে।

(৫) এই বিধির অধীনে লাইসেন্স নবায়নের জন্য উহার মূল কপি জমা দানের স্বীকৃতি স্বরূপ বোর্ড সংশ্লিষ্ট পরামর্শককে একটি রশিদ প্রদান করিবে এবং উপ-বিধি (৪) অনুসারে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত উক্ত রশিদের ভিত্তিতে পরামর্শক তাহার কাজ চালাইয়া যাইতে পারিবেন।

(৬) উপ-বিধি (২) তে উল্লিখিত ত্রিশ দিনের পর লাইসেন্স নবায়নের দরখাস্ত করা হইলে এবং বিলম্বের কারণ সম্পর্কে সন্তুষ্ট হইলে বোর্ড উক্ত লাইসেন্স নবায়ন করিতে পারিবে।

৬। পরামর্শকের দায়িত্ব।– প্রত্যেক পরামর্শক আইন ও বিধি অনুসারে মূল্য সংযোজন কর এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে যথাসম্ভব সততা ও নিষ্ঠার সহিত তাহার দায়িত্ব পালন করিবেন এবং তাহার দায়িত্বের সূত্রে ইচ্ছাকৃতভাবে কোন কর্তৃপক্ষের বা অন্য কোন ব্যক্তির নিকট অসত্য বা বিকৃত তথ্য সরবরাহ করিবেন না বা ইচ্ছাকৃতভাবে কোন প্রয়োজনীয় তথ্য গোপন করিবেন না বা অনুরূপ পরামর্শ প্রদান করিবেন না।

৭। লাইসেন্স বাতিল।– বোর্ড যে কোন পরামর্শককে লিখিতভাবে কারণ দর্শানোর সুযোগ দিয়া তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং অনুরূপ বাতিলকরণের পূর্বে সাময়িকভাবে লাইসেন্সের কার্যকরতা স্থগিত করিতে পারিবে; এইরূপ স্থগিতকরণের ক্ষেত্রে বোর্ড অনধিক ৯০ দিনের মধ্যে লাইসেন্স বাতিল করা বা না করার সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং বাতিলকরণের ক্ষেত্রে সিদ্ধান্ত পরামর্শককে লিখিতভাবে অবিলম্বে জানাইয়া দিবেন।

ফরম-ক

মূল্য সংযোজন কর পরামর্শক হিসাবে লাইসেন্স প্রাপ্তির আবেদন পত্র
(বিধি ৩(১) দ্রষ্টব্য)

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। বর্তমান ঠিকানা ঃ
৪। স্থায়ী ঠিকানা ঃ
৫। জন্ম তারিখ ঃ
৬। শিক্ষাগত যোগ্যতা [ শিক্ষা প্রতিষ্ঠানের নাম, পরীক্ষার নাম, বোর্ড, পাশের বৎসর, প্রাপ্তবিভাগ উল্লেখসহ ] ঃ

৭। মূল্য সংযোজন কর বিভাগে প্রথম শ্রেণীর চাকুরীর অভিজ্ঞতা থাকিলে উহার বিবরণ ঃ

৮। (ক) আবেদনকারী ইতিপূর্বে কোন সরকারী বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হইতে বরখাস্তকৃত হইয়াছেন কিনা অথবা বর্তমানে চাকুরীরত আছেন কিনা ঃ

(খ)-লাইসেন্সধারী হইয়া থাকিলে তাহার লাইসেন্স বাতিল/স্থগিত হইয়াছে কিনা ঃ

৯। এই আবেদনে বর্ণিত সকল তথ্য সত্য ও সঠিক।

তারিখঃ ........................ - আবেদনকারীর স্বাক্ষর।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আহমেদ মুনিরুছ সালেহীন ]
দ্বিতীয় সচিব
মূসক-নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
[ মূল্য সংযোজন কর ]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং।

এস,আর,ও, নং–১১৮–আইন/৯৮/১৭৯-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং–১৩৭–আইন/৯৭/১৫৪ -মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনার "পনের শতাংশ" শব্দগুলির পরিবর্তে "বিশ শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ পিযুষ কান্তি নাথ ]
দ্বিতীয় সচিব
মূসক-বাস্তবায়নঃ পণ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
[ মূল্য সংযোজন কর ]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১১৯-আইন/৯৮/১৮০–মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৭ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ–

উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১) এর অধীন শিরনামা সংখ্যা S০৩৭ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ যথাক্রমে কলাম (১), (২), (৩) ও (৪) এ সংযোজিত হইবে, যথাঃ–

| | | | |
|---|---|---|---|
| " S০৪১ | S০৪১.০০ | শীতাতপ নিয়ন্ত্রিত পোশাক বিক্রয় কেন্দ্র | সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের মূল্যের বিশ শতাংশ পরিমাণ অর্থ।" |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ডঃ মোঃ রফিকুল ইসলাম ]
প্রথম সচিব
মূসক-নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং।

এস,আর,ও, নং–১২০–আইন/৯৮/১৮১–মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং–১৪২–আইন/৯৭/১৫৯–মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ–

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এর অধীন শিরনামা সংখ্যা (Heading No.) ৯৭.০৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ যথাক্রমে কলাম (১), (২) ও (৩) এ সন্নিবেশিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| "২৫.২৩ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | সিমেন্ট |
| ৫৭.০১ হইতে ৫৭.০৫ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | কার্পেট |
| ৩৯.২৪<br>৬৯.১১ হইতে ৬৯.১২<br>৭০.১৩ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | সিরামিক, কাঁচ, পাইরেকস, ক্রীস্টাল ও মেলামাইনের তৈজসপত্র |
| ৬৯.১৩ হইতে ৬৯.১৪<br>৭০.১৮ হইতে ৭০.২০<br>৭৪.১৯ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | সিরামিক, পিতল, রুপা, তামা ও ক্রীস্টাল গ্লাসের তৈরী গৃহসজ্জা দ্রব্যাদি |

| | | |
|---|---|---|
| ৭২.০৬ হইতে ৭২.১২ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | সি আই শীট |
| ৭২.১৩ হইতে ৭২.১৭ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | এম এস প্রোডাক্টস্ |
| ৯১.০১ হইতে ৯১.১৪ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | ঘড়ি |
| ৯৩.০৩ হইতে ৯৩.০৬ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | আগ্নেয়াস্ত্র |
| ৯৪.০৪ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | ফোম"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ ডঃ মসিউর রহমান ]
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১২১-আইন/৯৮/১৮২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৪২-আইন/৯২/৫৫-মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের শিরনামা সংখ্যা ৬৪.০১ হইতে ৬৪.০৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| "২২.০২ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | কোমল পানীয় |
| ৩২.০৭ হইতে ৩২.১২ | " | পেইন্টস্, পিগমেন্টস্, ভার্নিশেস এবং পলিশেস |
| ৩৩.০৪ | " | সৌন্দর্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী, সানস্ক্রীন বা সানট্যান সামগ্রী, হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী সহ |
| ৩৩.০৫ | " | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী |

| | | |
|---|---|---|
| ৩৩.০৬ | " | মুখ গহ্বর অথবা দন্ত জীবাণুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণু মুক্তকারী আঠালো পেষ্ট |
| ৩৩.০৭ | " | শেভ পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী |
| | " | শরীরের দূর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী |
| | " | সুগন্ধযুক্ত বাথ সোপ এবং অন্যান্য গোসল সামগ্রী |
| | " | এয়ারফ্রেশনার ও অন্যান্য সামগ্রী |
| | " | অন্যান্য সামগ্রী |
| ৩৪.০১ হইতে ৩৪.০২ | " | ডিটারজেন্ট (গুড়া ও তরল), তরল সাবানসহ সকল প্রকার সাবান (কাপড় কাঁচার সাবান ব্যতীত) |
| ৩৮.০৮ | " | এ্যারোসোল, ডিজইনফেকট্যান্ট |
| ৪৮.০৩ | " | টিস্যু পেপার (সকল প্রকার)"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ ডঃ মসিউর রহমান ]
সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং**

এস,আর,ও নং–১২২-আইন/৯৮/১৮৩–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং–১৪৬–আইন/৯৭/১৬৩–মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) টেবিল -১ এর পরিবর্তে নিম্নরূপ টেবিল -১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"টেবিল - ১ (আমদানি পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | পশু খাদ্যের পুষ্টি প্রিমিক্স |
| ৩০.০১ | সকল এইচ, এস, কোড | গ্রন্থি এবং অন্যান্য অঙ্গ |
| ৩০.০২ | ৩০০২.১০.১০<br>৩০০২.১০.৯০ | ম্যালেরিয়া নিরোধক, যক্ষা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক ঔষধসমূহ, ইন্সুলিন, এন্টিবায়োটিক, ছেরা (Sera) টক্সিন ও কার্ডিওভাসকুলার ঔষধসমূহ, এন্টি হেপাটিক, এন্টি হেপাটিক এনসেফালোপ্যাথি (encephalopathy) |
| | ৩০০২.২০.০০ | ভ্যাকসিন্‌স ফর হিউম্যান মেডিসিন |
| | ৩০০২.৩০.০০ | ভ্যাকসিন্‌স ফর ভেটেরীনারি মেডিসিন |
| | ৩০০২.৯০.০০ | অন্যান্য |
| ৩০.০৩ | ৩০০৩.১০.০০<br>৩০০৩.২০.০০<br>৩০০৩.৩১.০০<br>৩০০৩.৩৯.০০<br>৩০০৩.৪০.০০<br>৩০০৩.৯০.৯০ | হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফ্লুফেনাজিন ডেকানোয়েট, ফ্লুফেনথিকসল ডেকানোয়েট, ফসুফেনাথিকসল ডেকানোয়েট) |
| ৩০.০৪ | ৩০০৪.১০.০০<br>৩০০৪.২০.০০<br>৩০০৪:৩১.০০<br>৩০০৪.৩২.০০<br>৩০০৪.৩৯.০০<br>৩০০৪.৪০.০০<br>৩০০৪.৫০.০০<br>৩০০৪.৯১.০০<br>৩০০৪.৯৯.০০ | এনাসথেটিক, সাধারণ ও লোকাল , ইথার এনাসথেটিক বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড পিবি, সুকসামেথলিয়াস ব্রোমাইড/ ক্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন/ লিডোকেইন/লিগুওকেইন, এডরেনালিনযুক্ত হউক বা না হউক, প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এডরেনালিন যুক্ত হউক বা না হউক কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগের ডায়ালিসিস ফ্লুইড এবং কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপরিন ঔষধ |
| ৩৭.০৭ | ৩৭০৭.১০.০০<br>৩৭০৭.৯০.০০ | কম্পিউটার টোনার কার্টিজ |
| ৪৯.০৭ | প্রযোজ্য এইচ, এস, কোড | Stamp Impressed Paper এ শ্রেণী বিন্যাসযোগ্য বিড়ি "ব্যান্ড রোল" (বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক আমদানিকৃত) |
| ৫২.০২ | ৫২০২.৯৯.১০ | তুলার বর্জ্য |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭১.০৮ | ৭১০৮.১৩.০০ | গোল্ড বুলিয়ান [ কেবল মাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৪ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য ] |
| ৮৪.২১ | ৮৪২১.২৯.০৬ | Dialyzer |
| ৮৪.৩৪ | ৮৪৩৪.২০.০০ | ডেয়ারী মেশিনারী |
| ৮৪.৩৬ | সকল এইচ, এস, কোড | Other agricultural, Horticultural, forestry, poultry-keeping or Bee-keeping machinery including germination plant fitted with mechanical or thermal equipment, poultry incubator and brooders |
| ৮৪.৪৪ | ৮৪৪৪.০০.০০ | Machines for extruding, drawing, texturing or cutting man-made textile materials |
| ৮৪.৪৫ | সকল এইচ,এস, কোড | Machines for preparing textile fibres, Spinning, doubling or twisting machines and other machinery for producing textile yarns, textile reeling or winding (including weftwinding) machines and machines for preparing textile yarns for use on the machines of heading No 84.46, or 84.47 |
| ৮৪.৪৬ | সকল এইচ,এস, কোড | Weaving machines (looms) |
| ৮৪.৪৭ | সকল এইচ,এস, কোড | Knitting machines, stitch-bonding machines and machines for making gimped yarn, tulle, lace, embroidery, trimmings, braid or net and machines for tufting |
| ৮৪.৭১ | সকল এইচ,এস, কোড | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি |
| ৮৪.৭৩ | ৮৪৭৩.৩০.০০ | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতিতে ব্যবহার্য যন্ত্রাংশ |
| ৮৪.৭৯ | ৮৪৭৯.৮৯.০০ | (i) Transducer |
| | | (ii) Textile Humidifiers imported within six months of the importation of textile capital machinery |
| ৮৫.০১ | সকল এইচ,এস, কোড | ফটো ভোল্টায়িক জেনারেটর |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৫.১৭ | ৮৫১৭.৫০.০০ | কম্পিউটার মডেম |
| ৮৫.২৩ | ৮৫২৩.১১.২০<br>৮৫২৩.১২.২০<br>৮৫২৩.১৩.২০<br>৮৫২৩.২০.২০ | কম্পিউটারে ব্যবহার্য (আন-রেকর্ডেড) ম্যাগনেটিক টেপ ও ডিস্ক |
| ৮৫.২৪ | প্রযোজ্য সকল এইচ,এস, কোড | কম্পিউটার সফ্‌টওয়্যার |
| ৮৫.২৭ | ৮৫২৭.১১.১০ | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরী অবস্থায়) [কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৪ এর আওতায় আমদানি ক্ষেত্রে প্রযোজ্য] |
| ৮৮.০২ | সকল এইচ,এস,কোড | সকল পণ্য |
| ৯০.১৮ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | A-V Line |
| | ৯০১৮.৩১.০০ | ডায়ালাইসিস ফ্লুইড ব্যাগের জন্য ইন্সুলিন সিরিঞ্জ, পভিডিন আয়োডিন ষ্টিক |
| | ৯০১৮.৩২.০০ | Fistula needle |
| | ৯০১৮.৯০.২০ | Dialysis Machine |
| | ৯০১৮.৯০.৯০ | ডায়ালাইসিস টিউব ড্রেসিং এর জন্য ওভার স্পনজেস, গজ স্পঞ্জেস, বেসিক ওয়াইসেট ও মিনি ক্যাপ |
| ৯৬.১২ | ৯৬১২.১০.০০ | কম্পিউটার রিবন" |

(২) টেবিল-৪ এর কলাম (১) এর অধীন শিরনামা সংখ্যা S০১৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ মোঃ মাহবুবুর রহমান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১২৩-আইন/৯৮/১৮৪-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং ১৪৩-আইন/৯৭/১৬০-মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ ব্যতীত কুটির শিল্পে উৎপাদিত সকল পণ্যকে উক্ত আইনের আওতাধীন আরোপযোগ্য সমূদয় মূল্য সংযোজন কর এবং, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে, নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

### টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৯.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | চা |
| ১৫.১১ | ১৫১১.১০.০০<br>১৫১১.৯০.১০<br>১৫১১.৯০.৯০ | সকল প্রকার পাম অয়েল |
| ১৫.১৩ | ১৫১৩.১১.০০<br>১৫১৩.১৯.১০<br>১৫১৩.১৯.৯০ | সকল প্রকার নারিকেল তৈল |
| ১৫.১৮ | ১৫১৮.০০.১০ | অপরিশোধিত, আঠামুক্ত সয়াবিন তৈল |
| | ১৫১৮.০০.২০ | পরিশোধিত সয়াবিন তৈল |
| | ১৫১৮.০০.৩০ | নারিকেল তৈল |
| ৩০.০৪ ও ৩০.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এন্টিসেপটিক ও ডিসইনফেকট্যান্ট |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩২.০৭ হইতে ৩২.১২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পেইন্টস, পিগমেন্টস, ভার্নিশেস এবং পলিশেস |
| ৩৩.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পারফিউম ও প্রসাধনে ব্যবহার্য পানি |
| ৩৩.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রীন বা সানট্যান সামগ্রী, হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ |
| ৩৩.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী |
| ৩৩.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মুখ গহ্বর অথবা দন্ত জীবাণুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণুমুক্তকারী আঠালো পেস্ট |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভ-পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী |
| | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী |
| | ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথসল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী |
| | ৩৩০৭.৪৯.০০ | আগরবাতি এবং অন্যান্য সুগন্ধী যাহা পোড়ানোর মাধ্যমে ব্যবহৃত হয় তাহা ব্যতীত অন্যান্য কক্ষ সুগন্ধকরণ অথবা দুর্গন্ধমুক্তকরণ করার সামগ্রী, ধর্মীয় কাজে ব্যবহৃত সুগন্ধীসহ |
| | ৩৩০৭.৯০.১০ | অন্যান্য সামগ্রী |
| | ৩৩০৭.৯০.৯০ | অন্যান্য সামগ্রী |
| ৩৪.০১<br>৩৪.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | তরল সাবান সহ সকল প্রকার সাবান ( কাপড় কাঁচা সাবান ব্যতীত ) |
| ৩৯.১৭ | ৩৯১৭.২৩.০০ | পিভিসি পাইপ · |
| ৬৯.০১<br>৬৯.০২<br>৬৯.০৩<br>৬৯.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার ইট |
| ৭৩.০৯<br>৭৩.১০<br>৭৩.১১ | ''<br>''<br>'' | মেটাল কন্টেইনার |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭৪.০৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সুপার এনামেলড কপার ওয়্যার |
| ৮৪.১৪ | ৮৪১৪.৫১.১০ | গৃহস্থালী প্রকৃতির ঘরের ফ্যান যেমন, টেবিল, মেঝে, দেয়াল, জানালা, সিলিং বা ছাদের পাখা, উৎপাদন ক্ষমতা ১২৫ ওয়াটের অধিক নহে এমন বৈদ্যুতিক মটর সংযুক্ত |
| | ৮৪১৪.৬০.০০ | হুডস আনুভূমিক পার্শ্বে ১২০ সেঃ মিঃ এর অধিক নহে এমন বৈদ্যুতিক পাখা |
| ৮৫.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ড্রাইসেল ব্যাটারী ও স্টোরেজ ব্যাটারী |
| ৮৫.২১ | ৮৫২১.১০.০০<br>৮৫২১.৯০.০০ | ভিডিও ক্যাসেট রেকর্ডার্স ও প্লেয়ার্স |
| ৮৫.২৭ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এক ব্যান্ড ব্যতীত অন্যান্য ব্যান্ডের রেডিও ও ট্রানজিষ্টার |
| ৮৫.২৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার টেলিভিশন |
| ৮৫.৩৯ | " | বৈদ্যুতিক বাল্ব |
| ৮৫.৪৪ | " | ওয়্যারস এণ্ড ক্যাবলস |
| ৮৭.০১ হইতে<br>৮৭.০৭ পর্যন্ত<br>৮৭.০৯ হইতে<br>৮৭.১২ পর্যন্ত | "<br>"<br>"<br>" | সকল প্রকার যানবাহন, উহার বডি বা চেসিস |
| ৮৯.০১ | " | সকল প্রকার ক্রুজ জাহাজ, এক্সকারশন বোট্‌স, ফেরী বোট্‌স, কার্গো জাহাজ, বার্জেস এবং যাত্রী বা মালামাল পরিবহনের উপযোগী সমজাতীয় জাহাজ |
| ৮৯.০২ | ৮৯০২.০০.০০ | ফিশিং বোটস, কারখানা জাহাজ এবং মাছ জাতীয় পণ্য প্রস্তুত বা সংরক্ষণের জন্য ব্যবহৃত অন্যান্য জাহাজ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৯.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ইয়ট্স এবং খেলাধূলা বা আনন্দ উপভোগের জন্য অন্যান্য নৌকা, রোয়িং বোটস এবং ক্যানোস |
| ৮৯.০৪ | ৮৯০৪.০০.০০ | টাগ্স ও পুশার ক্রাফট |
| ৯৪.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | রাবার ও প্লাস্টিক ফোম |

শর্তসমূহ ঃ

১। এই প্রজ্ঞাপনে " কুটির শিল্প " বলিতে এইরূপ কোন শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে–

(ক) যাহা Joint Stock Company নহে,

(খ) যাহার প্লান্ট, মেশিনারী ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে কোন সময় তিনলক্ষ টাকার অধিক নহে,

(গ) যাহার বার্ষিক টার্ণওভার পনের লক্ষ টাকার অধিক নহে, এবং

(ঘ) যাহার উৎপাদনস্থলে অন্য কোন ব্যক্তির ব্রান্ড নামের পণ্য উৎপাদিত হয় না।

২। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা লাভের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অবলম্বন করিতে হইবে,যথাঃ-

(ক) উপরি-উক্ত টেবিলে বর্ণিত পণ্যসমূহ ব্যতীত অন্যান্য মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য উৎপাদনকারী, ক্রমিক ১ এ বর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে, এই প্রজ্ঞাপনের সহিত সংযুক্ত ছক-ক এ একটি ঘোষণাসহ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ বর্ণিত ফরম মূসক-৬ এ মূল্য সংযোজন কর কমিশনার বরাবরে আবেদন করিবেন ;

(খ) আবেদনপত্র প্রাপ্তির পর আবেদনকারী ক্রমিক ১ এ বর্ণিত সকল শর্ত পূরণ করেন কিনা তাহা নিশ্চিত হইবার জন্য কমিশনার সুপারিনটেনডেন্ট পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবেন;

(গ) তদন্তকারী কর্মকর্তা নিয়োগপ্রাপ্তির দিন হইতে অনধিক দশ কার্যদিবসের মধ্যে আবেদনকারীর আবেদনপত্র ও ঘোষণার সঠিকতা যাচাই এর উদ্দেশ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনস্থল সরেজমিনে তদন্ত করিয়া একটি প্রতিবেদন সরাসরি কমিশনারের নিকট দাখিল করিবেন ;

(ঘ) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনার পর কমিশনার, আবেদনকারীকে অব্যাহতি সুবিধা লাভের জন্য উপযুক্ত মনে করিলে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে উল্লিখিত বিধিমালায় বর্ণিত ফরম মূসক-৮ এ কুটির শিল্প হিসাবে তালিকাভুক্তির প্রত্যয়ন পত্র প্রদান করিবার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন। বিভাগীয় কর্মকর্তা উক্তরূপ তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের একটি রেজিষ্টার সংরক্ষণ করিবেন এবং তালিকাভুক্তির বিষয়টি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়কে অবহিত করিবেন।

৩। কুটির শিল্প হিসাবে তালিকাভুক্ত প্রতিষ্ঠান

(ক) উহার তালিকাভুক্তির প্রত্যয়নপত্র নিজ ব্যবসায় অংগনের এমন স্থানে সংরক্ষণ করিবেন যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর হয় ;

(খ) এই প্রজ্ঞাপনের সহিত সংযুক্ত ছক-খ এ উহার মাসিক লেনদেনের হিসাব সংরক্ষণ করিবেন এবং পণ্য সরবরাহের সময় তালিকাভুক্তির নম্বরসহ একটি ক্যাশ মেমো প্রদান করিবেন এবং উহার একটি অনুলিপি নিজ ব্যবসায় অংগনে সংরক্ষণ করিবেন।

৪। ব্যবসা পরিচালনা বা সম্প্রসারণকালে কোন প্রতিষ্ঠান ক্রমিক ১ এ বর্ণিত শর্তসমূহের যে কোন একটি বা একাধিক শর্ত পূরণ না করিলে উক্ত প্রতিষ্ঠান এই বিষয়ে বিভাগীয় কর্মকর্তা বরাবরে একটি ঘোষণা প্রদান করিবেন এবং মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত বা, ক্ষেত্রমত, টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত হইবেন; এইরূপ ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা প্রতিষ্ঠানটিকে নিবন্ধিত বা, ক্ষেত্রমত, তালিকাভুক্ত করিয়া উক্ত প্রতিষ্ঠানের কুটির শিল্প তালিকাভুক্তি বাতিল করিয়া কমিশনার ও স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়কে অবহিত করিবেন।

৫। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অথবা মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ অনুযায়ী পরিচালিত পরিদর্শন বা নিরীক্ষায় যদি প্রতীয়মান হয় যে, কুটির শিল্প হিসাবে এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ক্রমিক ১ এর কোন একটি বা একাধিক শর্ত পূরণ করিতেছেন না কিংবা এমন কোন পণ্য প্রস্তুত করিতেছেন যাহার ফলে প্রতিষ্ঠানটির মূল্য সংযোজন কর নিবন্ধন বা, ক্ষেত্রমত, টার্নওভার করের, তালিকাভুক্তি এর বাধ্যবাধকতার সৃষ্টি হইয়াছে, তাহা হইলে কমিশনার উক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদানের পর উক্ত প্রতিষ্ঠানের অব্যাহতি সুবিধা বাতিল করিতে এবং উহাকে মূল্য সংযোজন কর নিবন্ধন বা, ক্ষেত্রমত, টার্নওভার কর, তালিকাভুক্তি এর আদেশ প্রদান করিতে পারিবেন।

৬। কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাদি বা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অথবা মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর কোন বিধান লংঘন করিলে উক্ত প্রতিষ্ঠানকে অনধিক পঁচিশ হাজার টাকা বা সংশ্লিষ্ট পণ্যের মূল্যের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হয়, জরিমানা করা যাইবে।

ছক-ক

## প্লান্ট, মেশিনারি ও ইকুইপমেন্টে বিনিয়োগ সম্পর্কিত ঘোষণা

[ শর্ত নং ১(খ) দ্রষ্টব্য]

১। (ক) প্লান্ট,মেশিনারি ও ইকুইপমেন্টের নাম ঃ
(খ) প্লান্ট,মেশিনারি ও ইকুইপমেন্টের ক্রয়মূল্য ঃ
(গ) ক্রয়ের বৎসর ঃ

প্লান্ট,মেশিনারি ও ইকুইপমেন্ট স্থানীয় বাজার হইতে ক্রয়ের/আমদানির সপক্ষে প্রামাণিক কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

২। কারখানায় অন্যের ব্রান্ড নামযুক্ত কোন পণ্য উৎপাদিত হয় কিনা ঃ

৩। উৎপাদিত পণ্য/পণ্যসমূহের নাম ঃ

৪। বিগত এক বৎসরে (..............) আবেদনকারী প্রতিষ্ঠানের টার্ণওভারের পরিমাণ ঃ

তারিখ ঃ [ আবেদনকারীর নাম ও স্বাক্ষর ]

ছক-খ

## মাসিক লেনদেনের হিসাব

১। তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নাম ঃ
৩। মাস/করমেয়াদ ঃ
২। তালিকাভুক্তি নম্বর ঃ
৪। বৎসর ঃ

| ক্রমিক নং | ক্রয়কৃত উপকরণের নাম | মোট মূল্য | উৎপাদিত পণ্যের নাম | উৎপাদিত পণ্যের মোট বিক্রয় মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

তারিখ ঃ [ প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল ]

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ মোঃ মাহবুবুর রহমান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও নং–১২৪–আইন/৯৮/১৮৫–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং–১৩১–আইন/৯৬/১৩৩–মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা সমূহ (Heading No.) এবং উহদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড সমূহ (H.S.Code) এর অধীন এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত বাংলাদেশে সরবরাহকৃত পণ্যসমূহকে, উৎপাদন পর্যায়ে, উহাদের উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর তৃতীয় তফসিলে বর্ণিত আরোপণীয় সম্পূরক শুল্ক যে পরিমাণ উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ–

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ | সম্পূরক শুল্কহার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকের তৈরী সিগারেট | |
| | | প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয় মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে)– | |
| | | (১) দুই টাকা পঞ্চাশ পয়সা হইতে দুই টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৩২ |
| | | (২) তিন টাকা হইতে নয় টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৪৯ |

| | | | |
|---|---|---|---|
| | | (৩) দশ টাকা হইতে চব্বিশ টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫০ |
| | | (৪) পঁচিশ টাকা এবং ততোধিক | ৫১ |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৯৩.২৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ মোঃ মাহবুবুর রহমান]
অতিরিক্ত সচিব(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ].

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং–১২৫–আইন/৯৮/১৮৬–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৩ ই শ্রাবন, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং–১৩৫–আইন/৯৬/১৩৭–মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos) এর বিপরীতে কলাম (২) এ প্রদর্শিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর অধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, উৎপাদন পর্যায়ে, উহাদের উপর আরোপনীয় সম্পূরক শুল্ক যে পরিমাণ উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

## টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩৩.০৪ | | সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী(ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ | |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | ৩৩০৪.১০.০০ | ওষ্ঠাধর প্রসাধন সামগ্রী | ২০ |
| | ৩৩০৪.২০.০০ | চক্ষু প্রসাধন সামগ্রী | ২০ |
| | ৩৩০৪.৩০.০০ | হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী | ২০ |
| | | অন্যান্য ঃ | |
| | ৩৩০৪.৯১.০০ | পাউডার, চাপযুক্ত হউক বা না হউক | ২০ |
| | ৩৩০৪.৯৯.০০ | অন্যান্য | ২০ |
| ৩৩.০৫ | | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী | |
| | ৩৩০৫.১০.০০ | শ্যাম্পু | ২০ |
| | ৩৩০৫.২০.০০ | কেশ স্থায়ীভাবে তরঙ্গায়িত অথবা সরল করার প্রসাধনী | ২০ |
| | ৩৩০৫.৩০.০০ | কেশ বার্ণিশ (Hair Lacquer) | ২০ |
| | ৩৩০৫.৯০.০০ | অন্যান্য। | ২০ |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভের আগে, শেভের সময় বা শেভের পরে ব্যবহার্য সামগ্রী | ২৫ |
| | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী (আতর ব্যতীত) | ২৫ |
| | ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথ সল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী | ২৫ |
| | ৩৩০৭.৪৯.০০ | অন্যান্য | ২৫ |
| | ৩৩০৭.৯০.১০ | তুলোট এবং বয়নহীন আঠালো, সুগন্ধি/প্রসাধনী দ্বারা মোড়ানো | ২৫ |
| ৩৪.০১ | ৩৪০১.১১.১০ | প্রসাধনে ব্যবহারের জন্য (মেডিকেটেড পণ্য সামগ্রীসহ) মেডিকেটেড সাবান | ১০ |
| | ৩৪০১.১১.৯০ | প্রসাধনে ব্যবহারের জন্য (মেডিকেটেড পণ্য সামগ্রীসহ) অন্যান্য | ১০ |
| | ৩৪০১.১৯.০০ | অন্যান্য | ১০ |
| | ৩৪০১.২০.১০ | অন্যান্য ধরণের সাবানঃ মেডিকেটেড | ১০ |
| | ৩৪০১.২০.৯০ | অন্যান্য ধরণের সাবানঃ অন্যান্য | ১০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ মোঃ মাহবুবুর রহমান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

**এস,আর,ও, নং-১২৬-আইন/৯৮/১৮৭-মূসক।**- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৪-আইন/৯৬/১৩৬-মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ এর-

(১) শিরনামা সংখ্যা ৩৩.০৭ এর বিপরীতে কলাম (২) এর এইচ এস. কোড ৩৩০৭.১০.০০ ও ৩৩০৭.৯০.১০ এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(২) শিরনামা সংখ্যা ৪৮.১৩ এর বিপরীতে কলাম (২) এর এইচ এস কোড ৪৮১৩.১০.০০, ৪৮১৩.২০.০০ ও ৪৮১৩.৯০.০০ এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(৩) শিরনামা সংখ্যা ৮৭.০৩ ও ৮৭.১১ এর বিপরীতে কলাম (২) এর সংশ্লিষ্ট এইচ এস কোড এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ মোঃ মাহবুবুর রহমান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।